

পরীক্ষার আড়াই মাস আগে

জেএসসি পরীক্ষার প্রশ্ন

কাঠামো ও সময়ে পরিবর্তন

জেএসসি ও জেডিসি পরীক্ষা ৪ নভেম্বর

□ স্ট্যাক রিপোর্টার

পরীক্ষার আড়াই মাস আগে জুনিয়র ফুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার প্রশ্ন কাঠামো ও সময়ে পরিবর্তন আনা হয়েছে। আসন্ন জেএসসি পরীক্ষার ইংরেজি বিষয়ের প্রশ্ন কাঠামোতে পরিবর্তন হচ্ছে এবং চার ও কারকলা বিষয়ের পরীক্ষার সময় আধাঘণ্টা বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তবে ২০১৩ সালের জেএসসি পরীক্ষার গণিত বিষয়ে মান পুনর্বিবেচনার বিষয়ে অতিভাবক ও

পরীক্ষার আড়াই মাস আগে

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষকদের সুপারিশ থাকলেও তার কোনো পরিবর্তন হয়নি। পতকাল (বোরবার) শিখা মন্ত্রণালয়ে জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়েছে। সভাপতিত্ব করিবার সভাপতি ও শিক্ষাসচিব কামাল আব্দুল নাসের চৌধুরী সাংবাদিকদের একথা জানান। সচিব জানান, আগে ইংরেজি প্রশ্ন তিনটি প্যাসেজ থেকে উত্তর দিতে হতো, এখন সেখানে দুটি প্যাসেজ থেকে উত্তর দিতে হবে। এর মধ্যে একটি প্যাসেজ থাকবে বইয়ের ভেতর থেকে (সিন) এবং একটি বইয়ের বাইরে থেকে (আনসিন) থাকবে। এছাড়া চার ও কারকলা বিষয়ে পরীক্ষার সময় আধাঘণ্টা বাড়ানো হয়েছে। আগে এ বিষয়ে পরীক্ষার সময় ছিল দুই ঘণ্টা, এখন হবে আড়াই ঘণ্টা। চার ও কারকলা এবং শারীরিক শিক্ষা পরীক্ষার সময় দুই ঘণ্টা থেকে বাড়িয়ে আড়াই ঘণ্টা করার বিষয়ে সচিব বলেন, এতে বেশি সময় পাওয়ার পরীক্ষার্থীদের পরীক্ষা ভালো হবে। জেএসসিতে চার ও কারকলা এবং শারীরিক শিক্ষা এ দুটি বিষয় ২০১৩ সালে অন্তর্ভুক্ত হয়েছে। শিক্ষাসচিব আরও জানান, জেএসসি গণিত বিষয়ে মান পুনর্বিবেচনার বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। গণিতের নম্বর বিভাজন আগের মতোই থাকবে। গাণিতিক ২৪ নম্বর, বীজগণিত ৩০ নম্বর, জ্যামিতিক ৩৬ নম্বর এবং পরিসংখ্যানে ১০ নম্বরের প্রশ্নপত্রই থাকবে। আন্তর্জাতিক পরিপ্রেক্ষিতে বীজগণিত ও জ্যামিতিতে শিক্ষার্থীদের দক্ষতা বাড়ানোর লক্ষ্যে মতামতে এই সিদ্ধান্ত হয়েছে বলে জানান সচিব। যদিও অতিভাবক ও শিক্ষকরা মান পুনর্বিবেচনার সুপারিশ জানিয়ে আসছেন।

আগামী ২০১৫ সাল থেকে এসএসসিতে এবং ২০১৭ সাল থেকে এইচএসসিতে উচ্চতর গণিতে ব্যবহারিক পরীক্ষা অন্তর্ভুক্ত হবে বলে জানান শিক্ষাসচিব। উচ্চতর গণিত বিষয়ে তাত্ত্বিক অংশে ৭৫ এবং ব্যবহারিক ২৫ নম্বর রেখে পরীক্ষার পরিকল্পনা নেয়া হয়েছে। মন্ত্রীর পরামর্শে পরই এ সিদ্ধান্ত

জেএসসি ও জেডিসি পরীক্ষা ৪ নভেম্বর

জুনিয়র ফুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দার্বিন সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু হবে আগামী ৪ নভেম্বর। প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড.এস এম ওরফিউজ্জামান এ কথা জানিয়েছেন। জেএসসি পরীক্ষার প্রথম দিনে অনুষ্ঠিত হবে বাংলা ১ম পত্র। একদিন পর ৬ নভেম্বর বাংলা ২য় পত্র, ৭ নভেম্বর ইংরেজি ১য় পত্র, ১০ নভেম্বর ইংরেজি ২য় পত্র, ১১ নভেম্বর বিজ্ঞান/সাধারণ বিজ্ঞান, ১২ নভেম্বর ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা, ১৩ নভেম্বর শারীরিক শিক্ষা ও যাত্রা, ১৭ নভেম্বর গণিত/সাধারণ গণিত, ১৯ নভেম্বর বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ১৯ নভেম্বর কৃষি শিক্ষা/পার্শ্ব বিজ্ঞান/পার্শ্ব জীবনীতি/আরবি/সংস্কৃত/পালি পরীক্ষা। ২০ নভেম্বর চার ও কারকলা বিষয়ের পরীক্ষা বিকেল ২টা অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ মানরাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ নাজমুল হুদা জানান, জেডিসি পরীক্ষার প্রথম দিন ৪ নভেম্বর কুরআন মাজিদ ও তাজবিন, ৬ নভেম্বর আরবি ১ম পত্র, ৭ নভেম্বর আরবি ২য় পত্র, ১০ নভেম্বর ইংরেজি (৩য় অনিরমিত পরীক্ষার্থীদের জন্য)/ইংরেজি ১ম পত্র, ১১ নভেম্বর ইংরেজি ২য় পত্র, ১২ নভেম্বর বাংলা সাহিত্য (৩য় অনিরমিত পরীক্ষার্থীদের জন্য)/ বাংলা ১ম পত্র, ১৩ নভেম্বর বাংলা ২য় পত্র, ১৬ নভেম্বর সাধারণ গণিত, ১৭ নভেম্বর সাধারণ বিজ্ঞান, ১৯ নভেম্বর সামাজিক বিজ্ঞান, ১৯ নভেম্বর আত-তাওহীদ ও মাদারিসুল হুদা (৩য় অনিরমিত পরীক্ষার্থীদের জন্য)/ আকস্মিক ও ফিকহ পরীক্ষা অনুষ্ঠিত হবে প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ১টা পর্যন্ত। ২০ নভেম্বর কৃষি শিক্ষা/পার্শ্ব জীবনীতি পরীক্ষা হবে বিকেল ২টা থেকে ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।